# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**19 AUGUST 2025** **7:45—7:55 PM**

---

১) এন ডি এ-র উপরাষ্ট্রপতি পদের প্রার্থী সি আর রাধাকৃষ্ণনকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত করার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিরোধী দলগুলি সহ সব রাজনৈতিক দলের প্রতি আহ্বান ।

২) গুয়াহাটিতে ভারতীয় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান- আই আই এম স্থাপনের জন্যে লোকসভায় বিল গৃহীত/

৩) রাজ্যে শিক্ষক নিযুক্তির ক্ষেত্রে একাংশ প্রার্থী ভূয়া প্রমানপত্র দাখিল করে চাকরি পাওয়ার চেষ্টা করার অভিযোগ সম্পর্কে আজ থেকে আসাম পুলিশের অপরাধ অনুসন্ধান শাখার তদন্ত শুরু ।

এবং

৪) শিলচরের নেতাজি মূর্তি নবনির্মাণ স্থাপনা কমিটির উদ্যোগে আজ শিলচরে বরাক উপত্যকার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৩৯৩ জন ছাত্রছাত্রীর মধ্যে নেতাজি বিষয়ক প্রবন্ধ প্রতিযোগিতা/

---

এন ডি এ-র উপরাষ্ট্রপতি পদের প্রার্থী সি আর রাধাকৃষ্ণনকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত করার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিরোধী দলগুলি সহ সব রাজনৈতিক দলের প্রতি আহ্বান জানিয়েছেন । নতুন দিল্লীতে আজ সকালে অনুষ্ঠিত এন ডি এ সংসদীয় দলের এক বৈঠকে শ্রী মোদী উপ-রাষ্ট্রপতি পদের প্রার্থী সি আর রাধাকৃষ্ণনকে এন ডি এর সব সাংসদদের সঙ্গে পরিচয় করিয়ে দেন । প্রধানমন্ত্রী বলেন যে শ্রী

রাধাকৃষ্ণনের রাজ্যপাল হিসেবে সফলতরা সঙ্গে দায়িত্বভার পালন করার অভিজ্ঞতা রয়েছে ।

বৈঠকের পর সংবাদ মাধ্যমকে সংসদীয় পরিক্রমা বিভাগের মন্ত্রী কিরেন রিজিজু বলেন যে উপ-রাষ্ট্রপতি হিসেবে শ্রী রাধাকৃষ্ণন যাতে বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত হতে পারেন সেই উদ্দেশ্যে প্রধানমন্ত্রী সব রাজনৈতিক দল এবং সাংসদদের প্রতি আহ্বান জানিয়েছেন । তিনি বলেন যে শ্রী রাধাকৃষ্ণন সব ধরণের বিতর্কের উর্দ্ধে ওঠে একজন সাধারণ নাগরিকের মত জীবন যাপন করছিলেন । তিনি উপ-রাষ্ট্রপতি হিসেবে নির্বাচিত হলে দেশবাসী আনন্দিত হবেন বলে শ্রী রিজিজু মত প্রকাশ করেন ।

-----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের লোকসভায় উত্থাপন করা ভারতীয় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান সংশোধনী বিল-২০২৫ আজ লোকসভায় গৃহীত হয়েছে । ভারতীয় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান- আই আই এম- গুয়াহাটিকে জাতীয় পর্যায়ে গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানসমূহের সূচীতে অর্ন্তভুক্ত করার উদ্দেশ্যে এই বিলটি গতকাল উত্থাপন করা হয়েছে । আগেই জানানো হয়ছে যে- কেন্দ্রীয় মন্ত্রীসভা গত বারোই আগস্ট গুয়াহাটিতে আই আই এম স্থাপনের বিষয়ে  অনুমোদন জানায় । এই প্রতিষ্ঠানটি উত্তর পূর্বাঞ্চলের মধ্যে দ্বিতীয় এবং দেশের মধ্যে ২২তম আই আই এম হিসেবে পরিগণিত হবে । এই প্রতিষ্ঠান নির্মাণে পাঁচশো কোটিরও বেশি টাকা ব্যয় হবে বলে কেন্দ্রীয় সরকারের সূত্রে জানা গেছে । এই পদক্ষেপ গুয়াহাটিকে উত্তর-পূর্বের শিক্ষার প্রাণকেন্দ্র হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় কৃষি এবং কৃষক কল্যাণ বিভাগের মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন যে চলতি বছরের তেসরা অক্টোবর বিকশিত কৃষি সংকল্প অভিযান আরম্ভ হবে । তিনি বলেন যে এই অভিযানের মাধ্যমে কৃষক এবং কৃষি বিজ্ঞানীদের মধ্যে প্রত্যক্ষ যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলা হবে । এই অভিযান ১৮ অক্টোবর পর্যন্ত অব্যাহত থাকবে বলে তিনি জানান । আজ লোকসভার প্রশ্নোত্তরকালে শ্রী চৌহান বলেন যে এই অভিযানের সময় কয়েক হাজার কৃষি বিজ্ঞানী এবং কৃষি বিভাগের আধিকারিক গ্রামাঞ্চলে গিয়ে প্রথমে খ্যাদ্য উৎপাদনে নতুন প্রযুক্তি ব্যবহার সম্পর্কে কৃষকদের সঙ্গে মত বিনিময় করবেন । তিনি বলেন যে সরকার সম্প্রতি বৈজ্ঞানিক কৃষি পদ্ধতিতে মনোনিবেশ করেছেন এবং একই সঙ্গে বহণক্ষম কৃষি বিকাশের ওপর গুরুত্ব আরোপ করেছেন । কেন্দ্রীয় মন্ত্রী আরো বলেন যে চলতি বছরের মে মাসে অনুষ্ঠিত এই অভিযানে ১ কোটি ৩৩ লক্ষের অধিক কৃষকের সঙ্গে মত বিনিময় করা হয়েছে ।

---

কেন্দ্রীয় সরকার চলতি অর্থ বছরে প্রধানমন্ত্রী গ্রামীণ আবাস যোজনা রূপায়ণের জন্য আসামকে পাঁচ হাজার ৪৭০ কোটি ৫১ লক্ষ টাকা মঞ্জুরের বিষয়ে অনুমোদন জানিয়েছে । সরকার বিগত জুনমাসে দেশের ১৮টি রাজ্যে প্রধানমন্ত্রী গ্রামীণ আবাস যোজনার অধীনে মোট ৪৭ হাজার ৪৭৪ কোটি ৫৮ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে । এই প্রকল্পের অধীনে কেন্দ্রীয় সরকারের তহবিল প্রদান করা ১৮টি রাজ্যের তালিকায় উত্তর-পূর্বাঞ্চলের আসাম এবং মণিপুরের নামও রয়েছে । মণিপুর এই প্রকল্পের অধীনে ৪৬ কোটি ১৮ লক্ষ টাকা পেয়েছে । উল্লেখ্য- প্রধানমন্ত্রী গ্রামীণ আবাস যোজনার অধীনে আসামের গ্রামাঞ্চলে মোট ২৯ লক্ষ ৮৭ হাজার ৮৬৮ টি বাসগৃহ নির্মণের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে । এরমধ্যে চলতি বছরের জুলাই মাস পর্যন্ত সময়ের জন্য অনুমোদন দেওয়া ২৮ লক্ষ ৭১ হাজার ৫১ টি বাসগৃহের মধ্যে ২০ লক্ষ ৬৯ হাজার ৬৪৮ টি বাসগৃহ নির্মাণের কাজ সম্পূর্ণ হয়েছে ।

---

রাজ্যে শিক্ষক নিযুক্তির ক্ষত্রে একাংশ প্রার্থী ভূয়া প্রমানপত্র দাখিল করে চাকরি পাওয়ার চেষ্টা করার অভিযোগ সম্পর্কে আজ আসাম পুলিশের অপরাধ অনুসন্ধান শাখার একটি দল নগাও জেলায় তদন্ত শুরু করেছে । নগাও জেলার বিদ্যালয় সমূহের পরিদর্শকের কার্যালয়ে উপস্থিত হয়ে তদন্তকারী দলটি স্নাতক এবং স্নাকোত্তর শিক্ষক পদের জন্য আবেদন করা একাংশ প্রার্থীর জমা দেওয়া নথি-পত্র পরীক্ষা করে । উল্লেখ্য যে কিছু সংখ্যক প্রার্থী মধ্যপ্রদেশের একটি বিশ্ববিদ্যালয় থেকে ভূয়া প্রমানপত্র দাখিল করেছে বলে অভিযোগ উত্থাপিত হয়েছে । আসামের ৫টি জেলার ৩১ জন প্রার্থীর বিরুদ্ধে এই অভিযোগ উত্থাপন হওয়ার পর রাজ্য সরকার আসাম পুলিশের অপরাধ অনুসন্ধান শাখাকে বিষয়টি তদন্ত করে দেখার দায়িত্ব দিয়েছে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ত্রিপুরার মহারাজা বীর বিক্রম কিশোর মণিক্য বাহাদুরের জন্মজয়ন্তীতে তাকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেছেন । সামাজিক মাধ্যমের এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন মহারাজা বীর বিক্রম কিশোর মণিক্য বাহাদুরকে ত্রিপুরার উন্নয়নের ক্ষেত্রে তার অনবদ্য অবদানের জন্য সবাই তাকে স্মরণ করে । শ্রী মোদী উল্লেখ করেন যে মহারাজার জনসেবা , দরিদ্র দূরিকরণ এবং সাবলীকরণের ক্ষেত্রে প্রতিশ্রুতিবদ্ধতা এবং সামাজিক উন্নয়ণের ক্ষেত্রে নিষ্ঠা সবাইকে অনুপ্রেরণা যোগাবে । প্রধানমন্ত্রী বলেন যে মহারাজার স্বপ্নকে বাস্তবায়িত করার জন্য কেন্দ্রীয় সরকার এবং ত্রিপুরা সরকার ঐক্যবদ্ধ হয়ে কাজ করছে । আধুনিক ত্রিপুরার নির্মাতা

হিসেবে জনপ্রিয় মহারাজ বীর বিক্রম কিশোর মণিক্য বাহাদুর ১৯শো ২৩ সাল থেকে ১৯শো ৪৭ সাল পর্যন্ত ত্রিপুরার রাজত্ব করেছিলেন ।

---------------------------------------------------------------------------------------

শিলচরের নেতাজি মূর্তি নবনির্মাণ স্থাপনা কমিটির উদ্যোগে আজ শিলচরে বরাক উপত্যকার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মোট ৩৯৩ জন ছাত্রছাত্রীর মধ্যে এক প্রবন্ধ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে । আজ সকালে শিলচরের জেলা ক্রীড়া সংস্থার মাঠে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব । এছাড়া শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তী, জেলার সিনিয়র পুলিশ সুপার নোমাল মাহাত্তা সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরা এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন । এই প্রতিযোগিতায় বিজয়ীদেরকে আগামী ৩১শে আগস্ট শিলচরে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী পুরস্কার তুলে দেবেন । উল্লেখ্য- শিলচরের রাঙ্গিরখাড়ি পয়েন্টে নেতাজি সুভাষচন্দ্র বসুর ২১ ফুট ৫ ইঞ্চির প্রতিমূর্তি পুর্নস্থাপনের ব্যবস্থা করা হয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আগামী ৩১শে আগস্ট এই মূর্তির আনুষ্ঠানিক আবরণ উন্মোচন করবেন । এর পরিপ্রেক্ষিতে গত সাতই আগস্ট সমগ্র বরাক উপত্যকা জুড়ে প্রথম পর্যায়ে নেতাজি সুভাষ চন্দ্র বসুর জীবন ও কর্মকান্ড বিষয়ক এক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল । উপত্যকার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় ৫৫ হাজার ছাত্রছাত্রী এই প্রতিযোগিতায় অংশ নেয় । সেখান থেকে বাছাই করা ৩৯৩ জন ছাত্রছাত্রী আজকের এই চূড়ান্ত পর্যায়ের রচনা প্রতিযোগিতায় অংশ নিয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শিলচর গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের গণ জ্ঞাপন বিভাগের উদ্যোগে আজ বিশ্ব আলোকচিত্র দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে ফোটগ্রাফি: ল্যাঙ্গুয়েজ অফ আর্ট- শীর্ষক কর্মশালার আয়োজন করা হয় । কর্মশালার মাধ্যমে শিক্ষার্থীরা আলোক চিত্রের বিভিন্ন দিক , প্রযুক্তিগত কৌশল এবং সৃজনশীলতার প্রয়োগ সর্ম্পকে বাস্তবধর্মী শিক্ষালাভ করে । কর্মশালায় চিত্র সাংবাদিক পার্থ শীল শিক্ষার্থীদের ক্যামেরার মৌলিক কৌশল , শাটার স্পিড এবং অ্যাপারচার নিয়ে প্রশিক্ষন প্রদান করেন । উল্লেখ্য প্রতিবছরের ১৯শে আগষ্ট বিশ্ব আলোক চিত্র দিবস হিসেবে পালন করা হয়ে থাকে ।

---------------------------------------------------------------------------------------

শিলচর মহকুমা কল্যাণ বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের জন্য সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে  অধ্যয়নরত প্রথম থেকে অষ্টম শ্রেণীর তপশিলি জাতিভুক্ত শিক্ষার্থীদের প্রি-ম্যাট্রিক বৃত্তির জন্য আবেদন পত্র আহ্বান করা হয়েছে ।

শিক্ষার্থীর অভিভাবকের বাৎসরিক আয় আড়াই লক্ষ টাকার কম থাকতে হবে । আবেদনের জন্য শিক্ষার্থীরা সরকারী ওয়েব সাইট directorwsc.assam.gov.in থেকে ডাউনলোড করতে পারবেন । আগামী ৫ই অক্টোবরের মধ্যে আবেদন করা যাবে ।

-----------------------------------------------------------------------------------

শিলচরের কালীবাড়িচরে আজ সংঘটিত এক অগ্নিকান্ডে চারটি বাড়ি ভস্মীভূত হয়েছে এবং বেশ কয়েকলক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে । আমাদের আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন যে- আজ দুপুরে স্থানীয় জনতা আগুন দেখার সঙ্গে সঙ্গে দমকলকে খবর দেয় । অগ্নিনির্বাপক বাহিনীর জওয়ানরা শীঘ্রই ঘটনাস্থলে পৌঁছে আগুন নেভানোর জন্য তৎপরতা শুরু করেন । তবে বেশ কিছু সময়ের প্রচেষ্টার পর আগুন আয়ত্তে আসে । পুলিশ সূত্রে জানা গেছে যে- শর্ট সার্কিট থেকে এই অগ্নিকান্ডের সূত্রপাত হয়েছে বলে অনুমান করা হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------

সেনাবাহিনী আয়োজিত ডুরান্ড কাপ ফুটবল প্রতিযোগিতার প্রথম সেমিফাইনালে আজ নর্থ-ইষ্ট ইউনাইটেড এফ সি , লাজং এফ সি-র বিরুদ্ধে অবতীর্ণ হয়েছে । শিলং-এর জহরলাল নেহেরু ষ্টেডিয়ামে আজ সন্ধ্যা ৭টায় এই দুটি দলের মধ্যে প্রতিযোগিতা শুরু হয়েছে । এশিয়ার সবচেয়ে পুরনো এই ফুটবল প্রতিযোগিতায় এই নিয়ে তৃতীয়বার এই দুটি দল পরষ্পরের মুখোমুখি হয়েছে । এর আগে গত বছরের সেমি ফাইনালেও দুটি দল পরষ্পরের বিরুদ্ধে খেলেছিল এবং নর্থ-ইষ্ট ইউনাইটেড দল লাজং এফ সি-কে ৩ - ০ গোলের ব্যবধানে পরাজিত করেছিল ।

-----------------------------------------------------------------------------------

ধলাই-র বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন মাতৃভূমি ক্লাবের উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় নর্থ হাওয়াইথাং-এর এল এইচ স্পোর্টিং ক্লাব ৪-১ গোলে ডিক্রো হসম দলকে পরাজিত করে ।

বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় বাম রামপুর এফ সি ইন্ডিয়ান এফ সি-র মূখোমুখি হবে ।

-----------------------------------------------------------------------------------